[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

-[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সহকারী শিক্ষক আব্দুল আলিম, ফারুক হোসেন, মমতাজ পারভীন, শরিফুদ্দিন, আফরোজা সুলতানা, মোস্তাক আহমেদ, মতুর্জা ফারুক রুপক, জিয়াউর রহমান, রিপন আলী প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর সদরে মুক্তিযুদ্ধ যাচাই-বাছাই সংক্রান্ত অবহিতকরণ সভা অনুষ্ঠিত

মেহেরপুর সদরে মুক্তিযুদ্ধ যাচাই-বাছাই সংক্রান্ত অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকালে জেলা শিল্পকলা একাডেমীতে এ সভার আয়োজন করা হয়।

সভায় সভাপতিত্ব করেন মুক্তিযুদ্ধ যাচাই-বাছাই কমিটির সভাপতি আতাউল হাকিম লাল মিয়া।
বক্তব্য দেন উপজেলা নির্বাহী অফিসার ও মুক্তিযুদ্ধ যাচাই-বাছাই কমিটির সদস্য সচিব মাসুদুল আলম, সদস্য সিরাজুল ইসলাম।

এসময় উপস্থিত ছিলেন, মুক্তিযোদ্ধা অব. ক্যাপ. আব্দুল মালেক, মুক্তিযোদ্ধা আবুল কাসেম, চাঁদ আলী, আজগর আলী, আব্দুল হালিম, হুমায়ন কবির, উমেদিন, ইদ্রিস আলী, আহাদ আলী, হায়দার আলী, মাহতাব আলী প্রমুখ।

মেহেরপুর সদর উপজেলা পরিষদের হল রুমে আগামী ৫ তারিখ কুতুবপুর ইউনিয়ন, ৬ তারিখ বুড়িপোতা ইউনিয়ন, ৭ তারিখ আমঝুপি ইউনিয়ন, ৮ তারিখ আমদহ ইউনিয়ন, ৯ তারিখ পিরোজপুর ইউনিয়ন ও ১১ থেকে ১৩ তারিখ পর্যন্ত পৌরনভার মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই করা হবে।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর জেলা অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির নির্বাচন ২২ ফেব্রুয়ারি

মেহেরপুর জেলা অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির দ্বি-বার্ষিক নির্বাচনের তফসিল ঘোষনা করা হয়েছে।

আগামী ২২ ফ্রেরুয়ারী নির্বাচন অনুষ্ঠিত হবে।

বুধবার সকালে প্রধান নির্বাচন কমিশনার ডা. আবুল বাশার এ তফসিল ঘোষনা করেন।

এছাড়াও ঘোষিত তফসিল অনুযায়ী ৪ জানুয়ারী সমিতির কার্যলয়ে সকাল ৯ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত মনোনয়ন পত্র সংগ্রহ, ১১ জানুয়ারী সমিতির কার্যলয়ে সকাল ৯ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত মনোনয়ন পত্র জমা নেওয়া হবে।

১৮ জানুয়ারী সমিতির কার্যলয়ে সকাল ৯ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত মনোনয়ন প্রত্যাহার, ২০ জানুয়ার চুড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে।

২৫ জানুয়ারী সমিতির কার্যলয়ে মনোনয়ন পত্র বাছাই, ১ ফ্রেরুয়ারী প্রতীক বরাদ্দ দেওয়া হবে।

আগামি ২২ ফ্রেরুয়ারী মেহেরপুর জেলা ক্রীড়া সংন্থা কার্যলয়ে সকাল ৯ টা থেকে বিকাল ৩ টা পর্যন্ত ভোট গ্রহন ও বেসরকারীভাবে ফলাফল প্রকাশ করা হবে।

- নিজস্ব প্রতিনিধি

আমঝুপির বিভিন্ন বিদ্যালয়ে বই উৎসব

মেহেরপুর সদর উপজেলা আমঝুপির বিভিন্ন বিদ্যালয়ে বই উৎসবে ছাত্র-ছাত্রীদের মাঝে নতুন বই বিতরণ করা হয়েছে।

বুধবার সকালে আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে নতুন বই বিতরণে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা আওমীলীগ সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন আহম্মেদ, স্বাগত বক্তব্য রাখেন প্রধান শিক্ষক সহিদুল ইসলাম।

উপস্থিত ছিলেন বিশেষ অতিথি আমঝুপি আলিম মাদরাসার সহকারী শিক্ষক আব্দুল হামিদ। এছাড়া আরো উপস্থিত ছিলেন বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক হাফিজুজ্জামান, সহকারী শিক্ষক রাফিউল ইসলাম, শরিফ আহম্মেদ, বশির আহম্মেদ, ফারাহ হোসেন লিটন।

খোকসা ডা. মহিউদ্দীন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে নতুন বই বিতরণে সভাপতি করেন অত্র বিদ্যালয়ের সভাপতি ও মেহেরপুর সদর উপজেলা আওমীলীগ সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন আহম্মেদ।
তিনি বক্তব্যে বলেন, সারাদেশে একযুগে নতুন বই বিতরণ হচ্ছে।

যা শিক্ষার্থীদের মাঝে আনন্দের জোয়ার বয়ে নিয়ে আসে এবং এই প্রক্রিয়া বর্তমান সরকার চলমান রাখার ব্যাপারে অত্যন্ত আন্তরিক।

আমঝুপি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে নতুন বই বিতরণে প্রধান অতিথি হিসেবে ছিলেন মেহেরপুর সদর উপজেলা আওমীলীগ সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন আহম্মেদ ও সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন আবুল হাসান। স্বাগত বক্তব্য রাখেন রোকনুজ্জামান।

আমঝুপি সরকারী প্রাথমিক বালিকা বিদ্যালয়ে নতুন বই বিতরণে প্রধান অতিথি হিসেবে ছিলেন মেহেরপুর সদর উপজেলা আওমীলীগ সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন আহম্মেদ ও সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা মতিয়ার রহমান, স্বাগত বক্তব্য রাখেন অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা সুলতানা পারভীন।



আমঝুপি গন্ধরাজপুর পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে নতুন বই বিতরণে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন ওমর ফারুক লিটন এবং প্রধান অতিথি হিসেবে ছিলেন হেলাল উদ্দীন। স্বাগত বক্তব্য রাখেন অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক কিতাব আলী।

আমঝুপি আইডিয়াল স্কুল নতুন বই বিতরণে সভাপতি হিসেবে ছিলেন মেহেরপুর সদর উপজেলা আওমীলীগ সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন আহম্মেদ এবং স্বাগত বক্তব্য রাখেন অত্র বিদ্যালয়ের প্রধান অধ্যক্ষ মারুফ আহমেদ, আরো উপস্থিত ছিলেন সহকারী প্রধান শিক্ষক আবুল কালাম, সহকারী শিক্ষক সহিদুল ইসলাম সাগর।

স্মার্টফোন শরীরের ওজন বাড়ায়!

মোবাইল সঙ্গে নিয়ে বেশিরভাগ মানুষ ঘুমাতে যায়, খেতে বসে, হাঁটতে যায়, ঘুরতেও যায়। স্মার্টফোন ছাড়া এক মিনিটও যেন ভাবতেই পারেন না অনেকে। কিন্তু এই স্মার্টফোনের কারণে হাজার চেষ্টা করেও পাতলা হতে পারছেন না!

সব সময় সঙ্গে মোবাইল রাখা কিন্তু মোটেও স্বাস্থ্যকর অভ্যাস নয়। যদি মনে করেন যে, সব সময় মোবাইল ঘাঁটার অভ্যাসের কারণে শুধু আপনার ঘুমে ব্যাঘাত ঘটছে, তা কিন্তু নয়। মোবাইল ঘাঁটার অভ্যাস আপনাকে পাতলা হতে দিচ্ছে না।

কী নোটিফিকেশন এল, স্ট্যাটাস আপডেট করার পরেও এখনো কেন নোটিফিকেশন এল না, এই চিন্তা আমাদের পিছু ছাড়ছে না। মোবাইল ফোন নিয়ে বেশি ঘাঁটাঘাটি আমাদের স্ট্রেস হরমোন বাড়িয়ে দেয়। এই স্ট্রেস হরমোনের কারণে ওজন বেড়ে যায়।

এছাড়া মোবাইল হাতে হাঁটতে বের হলে চোখ বারবার চলে যায় ফোনের স্ক্রিনের দিকে। ফলে হাঁটার বেগও অনেকটাই কমে যায়। যথেষ্ট জোরে না হাঁটলে ওজন কমার কোনো সম্ভাবনা নেই।

খাওয়ার সময় চোখ মোবাইলের দিকে থাকলে আপনি কী খাচ্ছেন, কতটা খাচ্ছেন সেদিকে মনোযোগ দিতে পারবেন না। ফোনে মনোনিবেশ করতে গিয়ে আপনার অতিরিক্ত খেয়ে ফেলার সম্ভাবনাও যথেষ্ট প্রবল। সে কারণে মোবাইল নিয়ে খেতে বসলে ডায়েট ঠিক থাকবে না।

বেশি রাত পর্যন্ত মোবাইল ঘাঁটাঘাটির অভ্যাস অনেকেরই আছে। ফোন দেখতে গিয়ে রাতে ঘুম ঠিক মতো হয় না। আর ঘুম ঠিক না হলে স্ট্রেস হরমোন নিঃসরণ হয়ে ওজন বাড়বে। রাতে ঠিক মতো ঘুমাতে না পারলে সকালে উঠে ওয়ার্ক আউটও করতে পারবেন না। এসব কারণে ওজন যাবে বেড়ে।

- প্রযুক্তি ডেস্ক

মেহেরপুর জেলায় পিইসিতে পাসের হার ৯৬.২২%

পিইসি পরীক্ষা মেহেরপুর জেলায় পাসের হার ৯৬.২২% প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় মেহেরপুর জেলায় পাশের শতকরা হার ৯৬.২২%।

মঙ্গলবার দুপুরের দিকে সারাদেশের ন্যায় মেহেরপুরেও একযোগে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়।

২০১৯ প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় মেহেরপুর জেলা থেকে মোট ১১হাজার ৩ শ ৩৫১জন ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে পাস করেছে ১০ হাজার ৯শ ২২জন। মোট পাশের মধ্যে মেহেরপুর জেলায় ১হাজার ৩০১জন জিপিএ ৫ পেয়েছে।

চলতি সালে অনুষ্ঠিত পিইসি পরীক্ষা মেহেরপুর সদর উপজেলা থেকে এবার ৪২৫৪ জন ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করেন।

এরমধ্যে ছাত্র ২০৩৩ জন এবং ছাত্রী ২২২১ জন রয়েছে। সদর উপজেলা থেকে মোট পাস করেছে ৪০৯৮ জন এর মধ্যে ছাত্র ১৯৪২জন, ছাত্রী ২১৫৬ জন। সদর উপজেলায় পাশের শতকরা হার ৯৬.৩৩%।

চলতি সালে গাংনী উপজেলা থেকে পরীক্ষায় অংশগ্রহণ করেছিল ৫৪১১ জন।

এর মধ্যে ছাত্র ২৫৫৬ জন, ছাত্রী ২৮৫৫ জন। গাংনী উপজেলা থেকে পাশ করেছে মোট ৫২২৯ জন। এরমধ্যে ছাত্র ২৪৬১ জন এবং ছাত্রী ২৭৬৮ জন। গাংনী উপজেলার পাশের শতকরা হার ৯৬.৬৪%।

এদিকে মুজিবনগর উপজেলায় চলতি সালে পিইসি পরীক্ষায় মোট ১৮৮৬ অংশগ্রহণ করে এর মধ্যে ছাত্র ৭৮৪ জন ছাত্রী ৯০২ জন।

মুজিবনগর উপজেলা থেকে পাশ করেছেন মোট ১৫৯৫ জন। এরমধ্যে ছাত্র ৭২৫ জন এবং ছাত্রী ৮৭০ জন। মুজিবনগর উপজেলায় পাশের শতকরা হার ৯৪.৬০%।

প্রাথমিক শিক্ষা সমাপনীর পরীক্ষার পাশাপাশি মেহেরপুরে ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। চলতি সালে অনুষ্ঠিত এবতেদায়ী পরীক্ষায় মেহেরপুর জেলায় পাশের শতকরা হার ৯০.২৭%।

চলতি সালে অনুষ্ঠিত এবতেদায়ী পরীক্ষায় মেহেরপুর জেলার তিনটি উপজেলা থেকে মোট ৬৫৮ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে ১২ জিপিএ ৫ সহ ৫৯৪ জন পাস করেছে।

মেহেরপুর জেলার তিনটি উপজেলায় ৩৯৬ জন এবং ছাত্র ২৬২ ছাত্রীর মধ্যে ৩৫১জন ছাত্র এবং ২৪৩ জন ছাত্রী রয়েছে। মেহেরপুর সদর উপজেলার মোট ২৮১ ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ গ্রহণ করে এর মধ্যে পাস করেছে ২৫৫ জন ছাত্র-ছাত্রী। মেহেরপুর সদর উপজেলায় পাশের শতকরা হার ৯০.৭৫%।

গাংনী উপজেলা থেকে মোট পরীক্ষা দিয়েছিল ২৮১ জন ছাত্র-ছাত্রী। এর মধ্যে পাস করেছে ২৭৫ জন ছাত্র-ছাত্রী। গাংনী উপজেলার পাশের শতকরা হার ৯৭.৮৬%। মুজিবনগর উপজেলা থেকে এবারে মোট পরীক্ষা দিয়েছিল ৯৬ জন। এখান থেকে পাস করেছে মোট ৬৪ জন। মুজিবনগর উপজেলার পাশের শতকরা হার ৬৬.৬৭%।

ইবতেদায়ী সমাপনী পরীক্ষায় মেহেরপুর সদর থেকে সাতজন গাংনী থেকে থেকে তিনজন জিপিএ ৫ পেলেও মুজিবনগর উপজেলা থেকে কেউ জিপিএ ৫ পায়নি।

ঝিনাইদহের মহেশপুর সীমান্তে অবৈধ অনুপ্রবেশের ১৮ জন আটক

ঝিনাইদহের মহেশপুর সীমান্ত দিয়ে ভারত থেকে অবৈধ ভাবে বাংলাদেশে প্রবেশকালে ১ দালালসহ ১৮জনকে আটক করেছে বিজিবি।

গতকাল মঙ্গলবার সকালে উপজেলার জলুলী বিওপির সীমান্ত থেকে তাদের আটক করা হয়।

ঝিনাইদহের খালিশপুর ৫৮ ব্যাটালিয়ানের পরিচালক লে. কর্নেল কামরুল আহসান জানান, ভোর রাতে জলুলী বিওপির সীমান্ত দিয়ে ভারত থেকে অবৈধভাবে বাংলাদেশে প্রবেশের সময় ১ দালালসহ ১৮ জনকে আটক করা হয়।

জলুলী বিওপির অধীনে মগদাসপুর মাঠ থেকে আটক করা হয় ৭ জন পুরুষ, ৫ জন নারী, ৫ জন শিশু ও ১ জন দালাল।

তাদেরকে মহেশপুর থানায় সোপর্দ করা হয়েছে। আটককৃতরা প্রত্যেকেই বাংলাদেশের নাগরিক বলে দাবি করছে।

ঝিনাইদহ প্রতিনিধি

মেহেরপুরে বছরের প্রথম প্রহরে মুজিব বর্ষ পালন করলো যুবলীগ নেতা জনি

মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও জেলা যুবলীগ এর আহবায়ক কমিটির সদস্য মিজানুর রহমান জনি মুজিব বর্ষ পালন করেছে।

মঙ্গলবার দিবাগত রাত ২০২০ প্রথম প্রহরে রাত ১২ টা ০১ মিনিটে ১০০ মোমবাতি জ্বালিয়ে মুজিব বর্ষ পালন করেন।

স্থানীয় যুবলীগ ও ছাত্রলীগ নেতাকর্মীদের সাথে নিয়ে ২ নং ওয়ার্ড বোস পাড়ার মোড়ে- তিনি এ কর্মসূচী পালন করেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর প্রতিদিন পত্রিকার প্রকাশক এমএএস ইমন এর মেয়ের পিইসি পরীক্ষায় গোল্ডেন ৫ অর্জন

দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার প্রকাশক এমএএস ইমন এর একমাত্র মেয়ে জান্নাতুল আনিসা গুনগুন পিইসি পরীক্ষায় জিপিএ গোল্ডেন ৫ পেয়েছে।

ঢাকার ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ থেকে ২০১৯ সালের পিইসি পরীক্ষায় জিপিএ ৫ অর্জন করে।

মেহেরপুর প্রতিদিন পত্রিকার প্রকাশক, আনিসা গ্রুপ এর চেয়ারম্যান, প্রেট্রোবাংলার পরিচালক এমএএস ইমন ও নাজনীন পারভীন এর একমাত্র কন্যা জান্নাতুল আনিসা গুনগুন।

মেহেরপুর প্রতিদিন পরিবারের পক্ষ থেকে আনিসাকে অভিনন্দন।

- নিজস্ব প্রতিনিধি